



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/৪০১

তারিখ : ১৩-১০-২০২১

বিষয় : কারণ দর্শানো জবাব প্রসঙ্গে ।

সূত্র : ক) উপজেলা নির্বাহী অফিসার এর ২৯-০৪-২০২১ খ্রি. তারিখের স্মারক নং ০৫.৪৪.৪১৩৮.০০০.১১.০১৮.২০২১-৮০৭
খ) জেলা শিক্ষা অফিসার এর ১৭-০৫-২০২১ খ্রি. তারিখের স্মারক নং ৩৭.০২.৪১০০.০০১.৯৯.০১১.১৭.৫৮০
গ) প্রধান শিক্ষকের ০৯-১০-২০২১ তারিখের আবেদন ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ০৮-০৮-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৬৩৭৬/৮৭৫ নং স্মারকে মাননীয় সংসদ সদস্য কেশবপুর, যশোর-০৬ জনাব মো: শাহীন চাকলাদার এর সুপারিশের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধা জনাব মো: মোসলেম উদ্দীন, পিতা: মৃত মো: মহাতাব উদ্দিন-কে এডহক কমিটির সভাপতি হিসেবে অনুমোদন দিয়ে পত্র জারি করা হয় এবং আপনাকে জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত শিক্ষক প্রতিনিধি এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত অভিভাবক সদস্য মনোনয়নপূর্বক বিদ্যালয় পরিদর্শক বরাবর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অনলাইনে দাখিল করার জন্য বলা হয়। কিন্তু আপনি জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত শিক্ষক প্রতিনিধি এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত অভিভাবক সদস্য প্রাপ্তির পরও বোর্ডের নির্দেশ মোতাবেক দাখিল করেন নাই। উপরন্তু, আপনি বেতন-ভাতা উত্তোলনের জন্য আবেদন করেছেন। এমতাবস্থায়, বোর্ডের নির্দেশ অমান্য করায় কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না তার জবাব ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
বুড়িহাটা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (১১৫৮৫০)
ডাকঘর: বুড়িহাটা, উপজেলা : কেশবপুর,
জেলা : যশোর।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৪

১৬/১০/২০২১

স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/৪০১

তারিখ : ১৩-১০-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, জেলা: যশোর।
- ৫। সভাপতি, এডহক কমিটি, বুড়িহাটা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, কেশবপুর, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

১৬/১০/২০২১